

## সিলেট শিক্ষা বোর্ডের জেএসসি প্রবেশ পত্রে ভুল

শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্বিগ্ন

শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা  
আসন্ন জুনিয়র স্কুল সার্টিফিকেট  
পরীক্ষার জন্য সিলেট শিক্ষা বোর্ডের  
ইস্যু করা এডমিট কার্ডে গুরুত্বের ভুল  
ধরা পড়েছে। শ্রীমঙ্গলের সাতটি শিক্ষা  
প্রতিষ্ঠানের এক হাজার শিক্ষার্থীর  
এডমিট কার্ডে এ ভুল ধরা পড়েছে।  
আগামী ১ নভেম্বর অনুষ্ঠিত জেএসসি  
পরীক্ষার আগে এ ভুল সংশোধন করার  
ব্যাপারে শিক্ষার্থী ও অভিভাবকরা  
উদ্বিগ্ন। তবে উপজেলা শিক্ষা অফিসার  
ভুল সংশোধন করার ব্যাপারে নিশ্চয়তা  
দিয়েছেন।

শ্রীমঙ্গল উপজেলার ছাগলিয়া,  
আব্দুল গফুর, উদয়ন, শরকারি, শাহ  
মোস্তফা, মনাতউল্লাহ ও বিশামুনী এ  
৭টি উচ্চ বিদ্যালয়ের মোট এক হাজার  
জেএসসি পরীক্ষার্থীর ইংরেজিতে  
ছাপানো এডমিট কার্ডে 'জুনিয়র স্কুল  
সার্টিফিকেট' এর স্থলে 'হায়ার  
সেকেন্ডারি সার্টিফিকেট', 'স্কুল' এর  
স্থানে 'কলেজ', 'জন্ম তারিখ' এর  
স্থানে 'ক্রপ' ছাপা রয়েছে। ভুল ছাপার  
এডমিট কার্ড হাতে পেয়ে শিক্ষার্থী ও  
অভিভাবকরা শিক্ষা প্রতিষ্ঠানে ছুটে  
যান।

শ্রীমঙ্গল মাধ্যমিক শিক্ষা অফিসার  
দিলীপ কুমার বর্ধন জানান, সংশ্লিষ্ট  
শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও  
কেন্দ্র সচিবকে শনিবারের ভিতর  
এডমিট কার্ড সংশোধন করে আনার  
জন্য বলা হয়েছে।